দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হলঃ ৭১২১৭৬, ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

## CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৭৩/২০১৯ তারিখঃ ০৩/১২/২০১৯ খ্রিঃ

**সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি,**

কাস্টম হাউস, চট্টগ্রাম এর সাথে BGMEA এর ২৪/১১/২০১৯ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত যৌথ সভার কার্যবিবরণী, নথি নং- এস-০৪/বিবিধ/সৌজন্য সাক্ষাৎ/২০১৫/৩৯৩০৫(কাস), তারিখ-০১/১২/২০১৯খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-
মোঃ মিজানুর রহমান
সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।
Web: www.chc.gov.bd. E_mail: customhousectg@gmail.com

**বিষয়: পোষাক শিল্পের আমদানি-রপ্তানি কার্যক্রমে গতিশীলতা আনয়নকল্পে কাস্টম হাউস, চট্টগ্রাম এর সাথে BGMEA এর অনুষ্ঠিত যৌথ সভার কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মোহাম্মদ ফখরুল আলম, কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম।
স্থান: 'সমৃদ্ধি' সম্মেলন কক্ষ, কাস্টম হাউস, চট্টগ্রাম।
তারিখ: ২৪/১১/২০১৯ খ্রিঃ, সময়: বিকাল ৪:০০ ঘটিকা।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় পোষাক শিল্পের/খাতের আমদানি ও রপ্তানি কার্যক্রমে বিদ্যমান বিভিন্ন সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এক্ষেত্রে সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | H.S. Code সংশোধন | সভায় BGMEA এর প্রথম সহ-সভাপতি জনাব মোঃ আবদুস সালাম বলেন অধিকাংশ বন্ডারের বন্ড লাইসেন্সে H. S. Code সংযোজন সংক্রান্ত যে সমস্যা রয়েছে, তা সম্পন্ন করার জন্য সময়ের প্রয়োজন হবে। কারণ Bangladesh Customs Tariff অনুসারে অনেক বন্ডারের বন্ড লাইসেন্স সংশোধন করতে হবে এবং এই কাজটি সংশ্লিষ্ট বন্ড কমিশনারেট হতে করতে হবে। যেহেতু বন্ড লাইসেন্সে নতুন H. S. Code সংযোজন করতে সময়ের প্রয়োজন সেহেতু তিনি Utilization Declaration (UD) এবং আমদানি দলিলাদিতে প্রদত্ত বর্ণনা অনুসারে পণ্য সঠিক থাকলে সেক্ষেত্রে BGMEA এর প্রত্যয়ন এবং আমদানিকারক (বন্ডার) প্রদত্ত অঙ্গীকারনামার বিপরীতে আপাতত: আমদানি চালান শুল্কায়নপূর্বক বন্ডের অধীনে খালাস দেয়ার জন্য অনুরোধ করেন। সভায় কাস্টম হাউসের পক্ষ থেকে বলা হয় যে, প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ ধরণের ছোট খাট সমস্যা হলে তা বর্ণিত পদ্ধতিতে সমাধান করা হয়ে থাকে। তবে বড় ধরণের পরিবর্তন করতে হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত প্রয়োজন। | বিল-অব-এন্ট্রি, ইউডি ও আমদানি দলিলাদিতে উল্লিখিত H. S. Code বন্ড লাইসেন্সে উল্লেখ না থাকলে, BGMEA এর সুপারিশসহ বন্ডারের অঙ্গীকারনামা গ্রহণসাপেক্ষে পণ্য খালাস প্রদান করা যেতে পারে। তবে খালাস পরবর্তী ১ (এক) মাসের মধ্যে খালাস গৃহীত পণ্যের H. S. Code বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্ত করে কাস্টম হাউসে দাখিল করতে হবে। এক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড কিংবা কাস্টমস বন্ড কমিশনারেটের অনুমোদন প্রয়োজন। | জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস বন্ড কমিশনারেট ও কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| ২ | আমদানিকৃত পণ্যচালান খালাস পর্যায়ে AIR কর্তৃক আটক। | সভায় আলোচনাকালে BGMEA এর সদস্যবৃন্দ বলেন যে, পোষাক শিল্পের আমদানিকৃত পণ্যচালান শুল্কায়ন পরবর্তীতে খালাস পর্যায়ে গোপন সংবাদের ভিত্তিতে AIR কর্তৃক পণ্য খালাস স্থগিত এবং ল্যাব টেস্ট রিপোর্টসহ নথি উর্ধ্বতন কর্মকর্তার নিকট প্রেরণের কারণে পণ্যচালান খালাস বিলম্বিত হয় বিধায় রপ্তানিও বিলম্বিত হচ্ছে। BGMEA সদস্যবৃন্দ পণ্য ট্রাকে লোড করার আগেই পণ্যচালানের কায়িক পরীক্ষা সম্পন্ন করে রপ্তানির স্বার্থে দ্রুত মালামাল ছাড় দেয়ার সুপারিশ করেন।<br>BGMEA এর প্রতিনিধি সভাকে আরো জানান যে, কোন কোন ক্ষেত্রে AIR কর্তৃক পণ্য খালাসের ক্ষেত্রে ১০-১৫ দিন পর্যন্ত সময় ব্যয় হচ্ছে। এক্ষেত্রে কাস্টমস কর্তৃপক্ষ বলেন যে, কোন প্রকার অনিয়ম কিংবা মিথ্যা ঘোষণা না থাকলে কোন চালানের খালাস স্থগিত করা হয়না কিংবা যাচাইয়ের জন্য দীর্ঘ সময়েরও প্রয়োজন হয় না। | গোপন সংবাদের ভিত্তিতে AIR কর্তৃক পণ্যচালানের খালাস স্থগিত করা হলে দলিলাদি দ্রুত যাচাই-বাছাইপূর্বক সর্বোচ্চ ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে তা নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে আমদানিকারক অথবা তার মনোনীত সিএন্ডএফ এজেন্ট AIR শাখাকে আমদানি পণ্যের কায়িক পরীক্ষাসহ রিপোর্ট গ্রহণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। | কাস্টম হাউস, চট্টগ্রাম ও সংশ্লিষ্ট বন্ডার |

চলমান পৃষ্ঠা-২

দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হলঃ ৭১২১৭৬, ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০



| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩ | কাটিং তদারকি | BGMEA এর সদস্যবৃন্দ সভাকে জানান যে, ৫০,০০০ গজ এর উপরে কাপড় আমদানি করা হলে সাবটিমের কর্মকর্তাগণ কাটিং তদারকি ও সংশ্লিষ্ট বন্ড কমিশনারেট বরাবর পত্র প্রেরণ করে থাকে। সভায় আলোচনাকালে এ ধরণের কোন ঘটনার দালিলিক প্রমাণ পাওয়া যায়নি। তবে বন্ড লাইসেন্সে প্রাপ্যতার সাথে UD, আমদানি দলিলাদিতে অসংগতি থাকলে আমদানি পণ্যের যথাযথ ব্যবহার ও রপ্তানি নিশ্চিত করতে কাটিং তদারকি দেয়া হয়ে থাকে। তবে তার পরিমাণ খুবই কম। আমদানি চালানে বড় ধরণের অসংগতি না থাকলে কাটিং তদারকি দেয়া হয় না। | পণ্য খালাসের জন্য দাখিলকৃত দলিলাদির সাথে আমদানি পণ্যের কোন অসংগতি না থাকলে কাটিং তদারকি দেয়া হবে না। | কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| ৪ | ল্যাব টেস্ট | সভায় আলোচনাকালে BGMEA এর সদস্যবৃন্দ বলেন যে, অনেক ক্ষেত্রে ফেব্রিক্স টেস্ট করার জন্য ল্যাবে প্রেরণ করা হয়। এক্ষেত্রে BGMEA এর সদস্যবৃন্দ মনে করেন যে, আমদানিকৃত কাপড়ের ল্যাব টেস্টের কোন যৌক্তিকতা নেই। এ বিষয়ে কাস্টম হাউসের পক্ষ থেকে বলা হয় যে, পণ্যের বর্ণনায় বড় ধরণের অসংগতি থাকলেই তা নিশ্চিত হতে ল্যাব টেস্টের প্রয়োজন হয়। তবে বর্তমানে পোষাক খাতের আমদানিকৃত পণ্যের টেস্টের পরিমাণ খুবই কম এবং স্বল্পতম সময়ে অগ্রাধিকার ভিত্তিতে এ সকল টেস্ট করানো হচ্ছে। | পণ্যের নমুনা, বিবরণ, Literature, বা MSDS দেখে নিশ্চিত হওয়া গেলে তা টেস্টে প্রেরণ করা হবে না। | কাস্টম হাউস, চট্টগ্রাম। |
| ৫ | পাকিস্তান থেকে আমদানিকৃত কাপড় খালাসে বিদ্যমান সমস্যা। | সভায় BGMEA এর সদস্যবৃন্দ বলেন যে, পাকিস্তান থেকে আমদানিকৃত পণ্যচালান শতভাগ পরীক্ষা করা হচ্ছে। এতে সময়ক্ষেপণ হচ্ছে। এ বিষয়ে কাস্টমস কর্তৃপক্ষের বক্তব্য হচ্ছে পাকিস্তান থেকে আমদানিকৃত যে কোন পণ্য খালাসের ক্ষেত্রে সতর্কতা অবলম্বনের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে বিধায় তা সতর্কতার সাথে পরীক্ষা করা হচ্ছে। এক্ষেত্রে BGMEA এর সদস্যবৃন্দ Second Appraisement পদ্ধতি অবলম্বনের অনুরোধ করেন। | পাকিস্তান থেকে আমদানিকৃত কাপড়ের চালান ছাড়করণের ক্ষেত্রে খালাসকালে পণ্য পরীক্ষা করার (Second Appraisement) সিদ্ধান্ত গৃহীত হয়। | কাস্টম হাউস, চট্টগ্রাম। |

চলমান পৃষ্ঠা-৩

দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হলঃ ৭১২১৭৬, ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০



| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৬ | পোষাক শিল্পের নামে মিথ্যা ঘোষণায় পণ্য আমদানি ও তা খোলা বাজারে বিক্রয় বন্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ। | সভায় পোষাক শিল্পের নামে মিথ্যা ঘোষণায় পণ্য আমদানি ও তা খোলা বাজারে বিক্রয়ের বিষয়টি আলোচনা হয়। এতে দেখা যায় গত ৬ মাসে প্রায় ১০০ (একশত) পণ্যচালানে মিথ্যা ঘোষণা প্রতিষ্ঠিত হয়েছে যা সংশ্লিষ্ট পোষাক শিল্পের মালিকগণ প্রযোজ্য শুল্ক-কর পরিশোধ করে খালাস নিয়েছেন। এই চালানগুলো সনাক্ত এবং মিথ্যা ঘোষণার বিষয় প্রতিষ্ঠিত করতে গিয়েই কতিপয় আমদানি চালানের কায়িক/ল্যাব টেস্টের প্রয়োজন হয়েছে। এগুলো সনাক্ত করা না গেলে সরকার প্রায় ৫০-৬০ কোটি টাকা রাজস্ব হারাতো। | কাস্টমস ও BGMEA এর সদস্যবৃন্দ একমত পোষণ করেন যে মিথ্যা ঘোষণায় পণ্য আমদানি ও খোলা বাজারে বিক্রয় বন্ধে একে অপরকে সহযোগিতা করবেন। এ ক্ষেত্রে যে সকল প্রতিষ্ঠান বন্ড লাইসেন্সের শর্তভঙ্গ করে রাজস্ব ফাঁকিতে লিপ্ত তাদের বন্ড লাইসেন্স এবং BGMEA এর সদস্যপদ বাতিলসহ কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কাস্টমস বন্ড কমিশনারেট, কাস্টম হাউস, চট্টগ্রাম ও BGMEA |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/—
(মোহাম্মদ ফখরুল আলম)
কমিশনার অব কাস্টমস
ফোন: ০৩১-৭১৩৯১৮।

নথি নং-এস-০৪/বিবিধ/সৌজন্য সাক্ষাৎ/২০১৫/ ৩৯৩০৫(২৯) তারিখ: /১২/২০১৯খ্রিঃ।

01 DEC 2019

**অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। এডিশনাল কমিশনার-১/২, কাস্টম হাউস, চট্টগ্রাম।
২। জয়েন্ট কমিশনার-১/২/৩/৪, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩। সিস্টেম এ্যানালিস্ট, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৪। ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কমিশনার (শুল্কায়ন সেকশন/জেটি কাস্টমস/আনস্টাফিং/এআইআর), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৫। কাস্টম হাউস চট্টগ্রামের জন্য গঠিত বিজিএমই এর টেকনিক্যাল কমিটির সকল সদস্য, বিজিএমইএ ভবন, ৬৬৯/ই, ঝাউতলা রোড, সাউথ খুলশী, চট্টগ্রাম।
৬। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৭। সুপারিনটেনডেন্ট, যোগাযোগ শাখা, কাস্টম হাউস, চট্টগ্রাম (সকলকে বিতরণের জন্য)।
৮। পিএ টু কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অফিস কপি।

**সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (কাস্টমস রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২। সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা/চট্টগ্রাম।
৪। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফেকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী নং-৭/৭এ, ব্লক-এইচআই, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

০১/১২/১৯
(মোঃ মাহবুবুর রহমান)
এ্যাসিস্ট্যান্ট কমিশনার (প্রিভেন্টিভ)
ফোন: ০৩১-২৫১৮০১৫।